# আমিরাতের ভিসা নিষেধাজ্ঞা দেয়ার খবরটি গুজব: রাষ্ট্রদূত

- A Monitor Desk Report Date: 21 September, 2025



**ঢাকাঃ বাংলাদেশসহ এশিয়া ও আফ্রিকার ৯টি দেশের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে বলে যে খবর প্রকাশিত হয়েছে তা ভুয়া (গুজব) বলে জানিয়েছেন সংযুক্ত আরব আমিরাতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত তারেক আহমেদ।**

তিনি বলেছেন, এমন ধরনের কোনো সরকারি বিজ্ঞপ্তি তারা পাননি।

শনিবার (২০ সেপ্টেম্বর) একাধিক সংবাদমাধ্যমের খবরে বলা হয়েছে, বাংলাদেশসহ এশিয়া ও আফ্রিকার ৯টি দেশের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ করেছে সংযুক্ত আরব আমিরাত। দেশগুলো হলো- আফগানিস্তান, লিবিয়া, ইয়েমেন, সোমালিয়া, লেবানন, বাংলাদেশ, ক্যামেরুন, সুদান ও উগান্ডা।

ইউএই ভিসা অনলাইন নামক যে ওয়েবসাইটে এ তথ্য দিয়েছে, সেটি সরকারি কোনো ওয়েবসাইট নয় বলে জানিয়েছে প্রবাসী বাংলাদেশিরা। তারা বলেছেন, সেটি দেশটির সাধারণ ভিসা ব্যবসায়ীর একটি ওয়েবসাইট। সেটা দেখে দেশের মিডিয়ার এ ধরনের সংবাদ কোনোভাবেই প্রবাসীদের কাম্য নয়।

এ বিষয়ে সংযুক্ত আরব আমিরাতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত তারেক আহমেদের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সংবাদমাধ্যমকে বলেন, সরকারিভাবে এ রকম কোনো নোটিফিকেশন আমরা পাইনি। আমাদের কাছে মনে হয়েছে, এটা একটি দুরভিসন্ধিমূলক প্রচারণা। এর পেছনে অন্য কোনো উদ্দেশ্য থাকতে পারে বলে মনে করেন তিনি।

অপরদিকে, সংযুক্ত আরব আমিরাত বাংলাদেশের ওপর ভিসা নিষেধাজ্ঞা দিয়েছে বলে বাংলাদেশের বেশ কয়েকটি সংবাদমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার করা হয়েছে। তবে এই খবরটিকে ভুয়া বা মিথ্যা বলছে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস উইং।

শনিবার (২০ সেপ্টেম্বর) দিবাগত রাতে প্রেস উইং ফ্যাক্টস এক ফেসবুক পোস্টে এ তথ্য জানিয়েছে।

-B